

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২০১৮-১৯ সালের ইনোভেশন কর্মপরিকল্পনা

| ক্রঃ<br>নং | উদ্যোগের নাম   | সমস্যা বিবৃতি  | সমাধান  | উদ্যোগটির মধ্যে নূতনত্ব   | প্রত্যাশিত ফলাফল  | অগ্রগতি |
|------------|--|--|---|---|---|---------|
| ০১         | অনলাইনে বিদেশী ডিগ্রীর সমতা বিধান।                                       | ক) বিন্যাসন পদ্ধতিতে প্রার্থীকে মূল ডকুমেন্টসহ আবেদন করতে হয়।<br>খ) একসাথে অনেক সংখ্যক আবেদন না হলে সভা আহবান করা সম্ভব হয় না।<br>গ) বিশেষজ্ঞ সদস্যবৃন্দের পেশাগত ব্যস্ততার কারণে অনেক সময় সময়মত সভা করতে না পারা। | বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর সমতা বিধানের জন্য ই-সেবার প্রচলন।                                     | প্রচলিত পদ্ধতির পরিবর্তে অনলাইন পদ্ধতিতে আবেদন সংগ্রহ, যাচাই বাছাই, বিশেষজ্ঞ প্যানেলের নিকট মতামতের জন্য প্রেরণ এবং ফলাফল প্রকাশ। | যে সকল শিক্ষার্থী বিদেশী বিশ্ববিদ্যালয়সমূহ থেকে স্নাতক, স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, এমফিল ও পিএউসিডি ডিগ্রী অর্জন করে থাকেন ই-সেবার মাধ্যমে স্বল্প ব্যয় ও দ্রুততম সময়ে তাঁদের অর্জিত ডিগ্রীর সমতা বিধানের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসেবে যুক্ত করে দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা পালনে সহায়তা করা। |         |
| ০২         | বিশ্ববিদ্যালয়সমূহের অনলাইন ভিত্তিক মাসিক আর্থিক ব্যবস্থাপনা।            | বিশ্ববিদ্যালয়সমূহের কোডভিত্তিক মাসিক খরচের হিসাব বিবরণী (ডাকযোগে অথবা সরাসরি) ইউজিসিতে প্রেরণ করতে হয়, এগুলোর সঠিকতা যাচাই সময় সাপেক্ষ  | অনলাইন-এ বিশ্ববিদ্যালয় মাসিক হিসাব বিবরণী পূরণ করবে, যা কমিশন হতে সহজেই প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করা যাবে। | ডিজিটাল সুযোগ সুবিধা কাজে লাগিয়ে বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিবরণী জমাদান।   | বিশ্ববিদ্যালয় তথা দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।   |         |
| ০৩         | গবেষকদের জন্য ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার।                               | বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ-এর লক্ষে আর্থিক সহায়তার জন্য কমিশনে আবেদন করে। সহায়তার অনুমোদনের পর প্রায় মাসাধিক সময় ব্যয় হয় চেক তৈরী, ফরওয়ার্ডিং ও চেক ডেসপ্যাচ করার জন্য।            | EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে চেক প্রদান এবং SMS এ অবগতকরণ।   | EFT এর মাধ্যমে চেক প্রদান   | বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ কমিশনে না এসে এবং কোন প্রকার কালক্ষেপন না করে দ্রুততম সময়ে সেবা পাবেন।   |         |
| ০৪         | অনলাইনে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক ও ভৌত)র প্রতিবেদন প্রাপ্তি। | আইএমইডি-০৫ এবং ০৩ ফরমেট অনুযায়ী বিশ্ববিদ্যালয় থেকে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ডাকযোগে/সরাসরি কমিশনে প্রেরণ করা হয়।   | ই সেবার মাধ্যমে প্রতিবেদন প্রাপ্তি।   | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনলাইনে প্রেরণ।  | সময়মত এবং সহজে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পাওয়া যাবে।  |         |

Website এর  
upload করা  
CUP নম্বর ১  
Tahmina Rahman  
১৬/৪/১৮